# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**20 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) আগামীকাল থেকে ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশন ।অধ্যক্ষ পদের জন্য বিজেপির রণজিত কুমার দাসের মনোনয়ন দাখিল ।

২) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার রাজ্যে অত্যাবশ্যকীয় সামগ্রীর মূল্য নিরিক্ষণ ব্যবস্থার পর্যালোচনা ।

৩) কেন্দ্রীয় সরকারের আসাম সহ উত্তরপূর্বাঞ্চলের জাতীয় সড়ক ও পরিকাঠামো নির্মাণের জন্য অতিরিক্ত ২ হাজার কোটি টাকা মঞ্জুর ।

এবং

৪) কাছাড় জেলার দিগরখাল থেকে গুমরা পুলিশের তিনজন বাংলাদেশী নাগরিককে আটক ।

---------------------------------------------------------------------------------

ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশন আগামীকাল থেকে দিসপুরে শুরু হচ্ছে । আগামীকাল বিধানসভার অস্থায়ী অধ্যক্ষ চন্দ্রমোহন পাটোয়ারী নব নির্বাচিত বিধায়কদের শপথবাক্য পাঠ করাবেন ।স্থায়ী অধ্যক্ষ নির্বাচিত না হওয়া পর্যন্ত অস্থায়ী অধ্যক্ষ শ্রী পাটোয়ারী বিধানসভার কাজকর্ম পরিচালনা করবেন । এরপর অধ্যক্ষের নির্বাচন অনুষ্ঠিত হবে ।এদিকে বিজেপি মিত্রজোঁটের হয়ে ভবানীপুর - সরভোগ সমষ্টির বিধায়ক রঞ্জিত কুমার দাস আজ অধ্যক্ষ পদের জন্য মনোনয়নপত্র দাখিল করেছেন ।এন ডি এ নেতৃবর্গ বিজেপি বিধায়ক শ্রী দাসের হয়ে বিধানসভার সচিব দুলাল পেগুর হাতে মনোনয়নপত্র দাখিল করেন ।চারদিন ব্যাপী আয়োজিত এই অধিবেশন আগামী ২৬ শে মে সমাপ্ত হবে ।

এদিকে বিধানসভা অধিবেশনের পূর্বে আজ অসম গণ পরিষদ দলের এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে আসন্ন অধিবেশনের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় ।

-------------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ সাম্প্রতিক পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে রাজ্যের অত্যাবশ্যকীয় সামগ্রীর মূল্য নিরিক্ষণ ব্যবস্থার পর্যালোচনা করেন ।বৈঠকে বাজারের ভারসাম্য বজায় রেখে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি রোধ করার জন্য বেশ কয়েকটি সিদ্ধান্ত গ্রফহণ করা হয় । এই অনুযায়ি জেলা আয়ুক্তের নেতৃত্বে ৩/৪ দিনের মধ্যে জেলা নিরিক্ষণ কমিটি গঠন করা হবে ।সব দোকান এবং পাইকারী বিপনীতে খুচরা ও পাইকারী মূল্য প্রদর্শন করা বাধ্যতামূলক করা হবে । কোন দোকান বা প্রতিষ্ঠান অস্বাভাবিক মূল্য বৃদ্ধি করলে ওই দোকান বা প্রতিষ্ঠানের বানিজ্যিক অনুজ্ঞাপত্র বাতিল করা সহ অন্যান্য কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে ।বৈঠকে গ্রহণ করা সিদ্ধান্ত অনুযায়ি অস্বাভাবিক মূল্যবৃদ্ধির ঘটনা রোধ করার জন্য ক্ষেত্র পর্যায়ের নিরিক্ষণ তীব্র করে তোলা হবে ।অনুরূপভাবে জেলা আয়ুক্ত , বণিক সংঘ এবং বানিজ্য সংস্থাগুলোর মধ্যে সাপ্তাহিক পর্যালোচনার ব্যবস্থা করা হবে ।এছাড়া রান্নার গ্যাস বিতরণের ক্ষেত্রে উদ্ভুত সমস্যা দূর করতে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার সুবিধাপ্রাপকদের দ্রুত আধার সংযোজনের ব্যবস্থা করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

রাজ্যের অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের পেন্সন প্রক্রিয়ায় যাতে অহেতুক বিলম্ব না হয় তার জন্য সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় একথা জানিয়ে বলেন যে নির্ধারিত সময়ের মধ্যে পেন্সন প্রক্রিয়া সম্পন্ন না হলে দায়িত্বে থাকা আধিকারীককে আর্থিক জরিমানার ব্যবস্থা করার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।এছাড়া প্রতিমাসে পেন্সন বিলম্ব হওয়া লোকেদের তালিকা প্রস্তুত করে কৃতজ্ঞতা পোর্টেলে আপলোড করার জন্যও সরকার ব্যবস্থা গ্রহণ করেছে বলে তিনি জানান ।

-------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ২০২৬-২৭ অর্থ বছরে আসাম সহ উত্তরপূর্বাঞ্চলে জাতীয় সড়ক ও পরিকাঠামো নির্মাণের জন্য অতিরিক্ত ২০০০ কোটি টাকা মঞ্জুর করেছে । এর সংগে সংগে অঞ্চলটিতে জাতীয় সড়ক খাতে মঞ্জুর করা অর্থ ৩ হাজার ৫০০ কোটিতে বৃদ্ধি পেয়েছে । কেন্দ্রীয় সড়ক ও জাতীয় সড়ক মন্ত্রনালয় এক বিজ্ঞপ্তীতে একথা জানিয়েছে ।এই অর্থ জাতীয় সড়ক সহ সেতু ইত্যাদি নির্মানে ব্যয় করা হবে । বিজ্ঞপ্তীতে উল্লেখ

করা অনুযায়ী ২০২৬ - ২৭ সালে উত্তরপূর্বাঞ্চলের জাতীয় সড়ক নির্মাণের জন্য ১৭ হাজার ৫৫৮ কোটি টাকা ব্যয়ের জন্য বাজেটে প্রস্তাব দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

২০২৭ সালের জন্য সেনাবাহিনীতে অগ্নিবীর ও জুনিয়র কমিশনড আধিকারিক নিযুক্তির জন্য অনুষ্ঠেয় সি ইই অর্থাৎ সাধারণ প্রবেশ পরীক্ষা আগামী পয়লা জুন থেকে ১২ ই জুন পর্যন্ত অনুষ্ঠিত হবে । প্রার্থীরা পরীক্ষার জন্য প্রবেশ পত্র সেনাবাহিনীর ওয়েবসাইট ডব্লু ডব্লু ডব্লু . জয়েন ইনডিয়ান আরমি . এন আই সি . ইন থেকে ডাউনলোড করতে পারবে ।

---------------------------------------------------------------------------------

মেঘালয়ের উমরৈ সামরিক ঘাটিতে ২০২৬ বর্ষের বহুপাক্ষিক সামরিক অনুশীলন প্রগতি শুরু হয়েছে ।ভূটান , কম্বোডিয়া , ইন্দোনেশিয়া , , লাউস , মালদ্বীপ , ময়্যানমার , নেপাল , ফিলিপিনস , সিসিলি , ভিয়েতনাম এবং শ্রীলঙ্কার প্রতিনিধিরা এই অনুশীলনে অংশগ্রহণ করেছে । ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য এবং আতিথেয়তাকে প্রতিফলিত করে সেনাবাহিনী প্রতিনিধিদলটিকে স্বাগত জানায় । ভারত মহাসাগরীয় অঞ্চলে সেনা বাহিনীর অংশীদারিত্ব এবং সহযোগিতা বৃদ্ধি করার লক্ষ্যে এই অনুশীলনের আয়োজন করা হয়েছে । এই কার্যসূচী সেনা বাহিনীর লোকেদেরকে পেশাদারীভাবে পারস্পরিক বিনিময় সহ পরস্পরের অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ করে সামরিক সম্পর্ক শক্তিশালী করে তোলার ক্ষেত্রে সহায়তা করবে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলার গুমরা পুলিশ গতকাল তিন বাংলাদেশী নাগরিককে আটক করেছে । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে এই বিদেশী নাগরিকরা ২০১২ সালে ভারতে অবৈধভাবে প্রবেশ করেছিল । দীর্ঘদিন থেকে তারা ভারতের বিভিন্ন প্রান্তে আত্মগোপন করে রয়েছিল ।সম্প্রতি তারা ব্যাংগালুরু থেকে কাছাড়ে এসে অবৈধভাবে পুনরায় সীমান্ত পার হয়ে বাংলাদেশে যাওয়ার পরিকল্পনা করেছিল । তবে গুমরা পুলিশ গতকাল তাদের এই পরিকল্পনা ব্যর্থ করে দিগরখালে নাকা চেকিং এর সময় তিনজনকে আটক করে । ধৃত ব্যাক্তিদের নাম রিনা আক্তার , মহম্মদ আবল ও মহম্মদ হারুন ।

---------------------------------------------------------------------------------

অল ইন্ডিয়া অর্গেনাইজেশন অব কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট এসোসিয়েশনের আহ্বানে আজ সকাল পাঁচটা থেকে ২৪ ঘন্টার ঔষধের দোকান বন্ধ কার্যসূচী পালন করা হচ্ছে ।

এ উপলক্ষ্যে বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার সব ঔষধের দোকান আজ বন্ধ রয়েছে এবং আগামী সকাল পাঁচটা পর্য্যন্ত এই ধর্মঘট কার্যসূচী চলবে । তবে সাধারন মানুষের অসুবিধার কথা চিন্তা করে শুধুমাত্র জরুরী পরিষেবার জন্য প্রতিটি জেলায় নির্ধারিত কয়েকটি ঔষধের দোকান খোলা রাখা হয়েছে । এদিকে ডিমা হাসাও জেলায়ও আজ সকাল থেকে ২৪ ঘন্টার ঔষধের দোকান বন্ধ কার্যসূচী পালন করা হচ্ছে । উল্লেখ্য ওনলাইনে ঔষধ বিক্রি বন্ধ করা সহ বড় বড় কর্পোরেট সংস্থার অতিরিক্ত ছাড়ে ঔষধ বিক্রি এবং নকল ঔষধের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এই ধর্মঘট পালন করা হচ্ছে ।

২৪ ঘন্টার ঔষধের দোকান বন্ধ কার্যসূচী সম্পর্কে আমাদের হাইলাকান্দির প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে অল ইন্ডিয়া অর্গেনাইজেশন অব কেমিষ্ট এন্ড ড্রাগিষ্ট এসোসিয়েশনের সদস্য জানান-----            বাইট

---------------------------------------------------------------------------------

আসাম সরকারের মহিলা ও শিশু বিকাশ বিভাগের অধীনে থাকা স্টেট চাইল্ড প্রোটেকশন সোসাইটির পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরষ্কার-২০২৬ এর জন্য যোগ্য শিশুদের কাছ থেকে মনোনয়ন আহ্বান করা হয়েছে । এই পুরষ্কারের মূল উদ্দেশ্যে হচ্ছে- দেশের সেইসব শিশুদের অসাধারন কৃতিত্ব ও অবদানকে স্বীকৃতি দেওয়া যারা বীরত্ব ,সমাজসেবা , পরিবেশ , খেলাধূলা ,শিল্প ও সংস্কৃতি এবং বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে অনন্য নজির সৃষ্টি করেছে । আবেদনকারী বা মনোনীত শিশুদের বয়স চলতি বছরের ৩১শে জুলাই-র মধ্যে ১৮ বছরের নীচে হতে হবে এবং এই ক্ষেত্রগুলিতে শিশুদের অনন্য প্রতিভা এবং অসামান্য অবদান থাকতে হবে । শ্রীভূমি জেলার সব শিক্ষা প্রতিষ্ঠান , চাইল্ড কেয়ার ইনস্টিটিউশন এবং সংশ্লিষ্ট বিভাগগুলির মাধ্যমে যেন প্রতিভাবান শিশুরা এই পুরষ্কারের বিষয়ে জানতে পারে , তা নিশ্চিত করতে বলা হয়েছে । বিশেষ করে কন্যা সন্তান , তপশিলি জাতি ও উপজাতি সম্প্রদায় , বিশেষভাবে সক্ষম শিশু এবং জনসেবামূলক কাজে জড়িত শিশুদের চিহ্নিতকরনের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে ।

অনলাইনে আগামী ৩১শে জুলাই-র মধ্যে আবেদন করতে হবে । যেসব ক্ষেত্রে সরকারী সুপারিশের প্রয়োজন রয়েছে , সেই যোগ্য শিশুদের তালিকা আগামী ৭ই জুলাই-র মধ্যে স্টেইট চাইল্ড প্রোটেকশন সোসাইটির কার্যলয়ে পাঠাতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির এক সভা আজ শিলচর ইটখলা ইয়াসি কার্যলয়ে অনুষ্ঠিত হয়েছে । এসোসিয়েশনের প্রবীন সদস্য

দীপঙ্কর চন্দের পৌরহিত্যে আয়োজিত সভায় প্রি-পেইড স্মার্ট মিটার প্রত্যাহারের দাবী জানিয়ে এবং আসামে প্রতি মাসে গ্রাহকদের জন্য দুশ ইউনিট বিদুৎ বিনামূল্যে প্রদান করার দাবী জানিয়ে বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন । পরে আগামী ২১শে জুন বিদুৎ গ্রাহক কনভেনশন সফল করে তুলতে আলোচনা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------